# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
কক্সবাজার পওর বিভাগ
বাপাউবো, কক্সবাজার
ফোন ঃ ০৩৪১-৬৩৫৫৭ ফ্যাক্স ঃ ০৩৪১-৬৪০০২

Office of the Executive Engineer
Cox's Bazar O&M Division
BWDB, Cox's Bazar.
Ph. 0341-63557 Fax. 0341-64002
E-mail: xencoxsbazarbwdb@gmail.com

স্মারক নং- টি-০৩/ তারিখঃ

## নিলামবিজ্ঞপ্তি নংঃ-০২/২০১৮-২০১৯

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭-০৫-২০১৮ইং তারিখ রোজ ঃ মঙ্গলবার, বেলা ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দফতরে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে কক্সবাজারস্থ পানি উন্নয়ন বোর্ড কলোনীতে নিম্নে বর্ণিত রক্ষিত অকেজো গাড়িসমূহ যে অবস্থায় আছে, সে অবস্থায় বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিদেরকে উক্ত তারিখের পূর্বেই গাড়ি সমূহ সরেজমিনে দেখে নেওয়ার জন্য বলা হল। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম এর স্মারক নং- প্রঃপ্রঃ/দঃপূঃ/স-২/৫০০ তারিখ-১৮-০২-২০১৮ ইং নির্দেশ মোতাবেক এই নিলাম বিজ্ঞপ্তি জারী করা হল ঃ

| ক্রঃ নং | যানবাহনের বিবরন | একক | পরিমান | বুক ভ্যালু | আনেস্ট মানি |
|---|---|---|---|---|---|
| ১। | স্পীড বোট (ইঞ্জিনসহ বডি) | প্রতিটি | ১টি | ১৯৫০০/= | ১৯৫০/- |

**শর্তাবলীঃ**

১। নিলাম ডাকে অংশগ্রহনকারীকে ছকে বর্ণিত আর্নেস্ট মানি হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিয়া নিলাম ডাকে অংশগ্রহন করিতে হইবে।

২। সর্বোচ্চ ডাককারী কে নিলাম ডাকের টাকা জামানত সমন্বয়ের মাধ্যমে ডাক শেষ হইবার সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, কক্সবাজার শাখায় জমা দিতে হইবে। অন্যথায় তাহার নিলাম ডাক বাতিল বলিয়া গন্য হইবে।

৩। নিলাম ডাক সমাপ্তির পর নিলাম ডাক সম্পর্কে কাহারও কোন প্রকার আপত্তি থাকিলে নিলাম ডাকের সময় হইতে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সর্বোচ্চ ডাকের দ্বিগুন পরিমান টাকা জমা প্রদানসহ লিখিতভাবে পুনঃনিলামের আবেদন করিতে পারিবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাককারীর ডাক বাতিল বলিয়া গন্য হইবে এবং জমাকৃত টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে ফেরত লইতে বাধ্য থাকিবেন।

৪। দ্বিগুন পরিমান টাকা জমা দেওয়ার পর পুনঃপ্রকাশ্য নিলামের জন্য নোটিশ জারী করা হইবে। পুনঃনিলাম ডাকে যে কেহ অংশ গ্রহন করতে পারিবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাককারীর ডাক পূর্বের চাইতে দ্বিগুনের কম হইতে পারিবেনা। যদি দ্বিগুনের কম হয়তবে আপত্তিকারীকেই পূর্বের ডাকের দ্বিগুন মূল্যে নিলাম ডাক গ্রহন করিতে হইবে।

৫। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নিলামকৃত গাড়িটি বুঝিয়া লইতে হইবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের চুড়ান্ত অনুমোদন না পাওয়া পর্যন্ত নিলামকৃত গাড়িটি হস্তান্তর করা হইবেনা।

৭। নিলাম ডাকের সর্বোচ্চ টাকার শতকরা ১৫% ভ্যাট এবং ৭% আয়কর বাবদ হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কক্সবাজার এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, কক্সবাজার শাখায় জমা দিয়া উহার কপি অত্র দপ্তরে জমা দেওয়ার পর নিলাম কার্যকর হইবে।

৮। নিলামকৃত গাড়িটি অপসারনকালে কর্তৃপক্ষের কোন সম্পত্তির বা অন্য কোন প্রকার ক্ষতি হইলে তাহা ডাককারী নিজ দায়িত্বে পূরণ করিয়া দিতে হইবে।

৯। কর্তৃপক্ষ যে কোন সময় নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখেন।

(তয়ন কুমার ত্রিপুরা)
নিবর্হী প্রকৌশলী
পরিচিত নং-৮৪০৫১৩০০১
mail: xencoxsbazarbwdb@gmail.com

স্মারক নং- টি-০৩/৪৫৮/১(৮) তারিখ ঃ 28/৪/১৮

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কক্সবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কক্সবাজার।
২। নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পওর বিভাগ, বাপাউবো, বান্দরবান।
৩। উপ-পরিচালক (প্রশাসন), প্রধান প্রকৌশলীর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, পাউবো, চট্টগ্রাম।
৪। উপ-বিভাগীয় প্রকৌশলী, কক্সবাজার/বদরখালী পওর উপ-বিভাগ, বাপাউবো, কক্সবাজার।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, চট্টগ্রাম।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্সবাজার মডেল থানা, সদর, কক্সবাজার।
৭। উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, কক্সবাজার পওর শাখা, বাপাউবো, কক্সবাজার। তাহাকে নিলাম ডাক কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদানের জন্য বলা হলো।
৮। নোটিশ বোর্ড, কক্সবাজার পওর বিভাগ ।

28/08/১৮
নিবর্হী প্রকৌশলী
mail: xencoxsbazarbwdb@gmail.com